

গাজীপুরে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন কর্মশালা

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন-২০১৫ প্রতিবেদন বিস্তারিত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল থেকে দিনব্যাপী মহানগরীর শিববাড়ী এলাকার একটি রেস্টুরেন্টের হলরুমে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। গাজীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. শফিউল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপস্থিত ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক শাহ সূফী মো. আলী রেজা। গাজীপুর জেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আবু ইউসুফ খানের সঞ্চালনায় কর্মশালায় প্রশিক্ষক ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদফতরের গবেষণা কর্মকর্তা মো. আবদুল মান্নান, গাজীপুর রাজবাড়ী পিটিআই সহকারী সুপার নার্গিন আক্তার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা শিক্ষা অফিসার মো. সোহাগ হোসেন ও কাপাসিয়া উপজেলা শিক্ষা অফিসার মো. মাহবুবুর রহমান, কালীগঞ্জ উপজেলার মুনসুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি আবদুর রহমান আরমান প্রমুখ।